মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রতিনিধি সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে মেহেরপুরের কমিউনিটি সেন্টার এই প্রতিনিধি সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদীর সভাপতিত্বে মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি প্রেসিডিয়াম সদস্য মীর আবদুস সবুর আসুদ।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় পার্টি আহ্বায়ক এ্যাড. সোহরাব হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য সাইফুল ইসলাম সেলিম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কৃষক পার্টি কেন্দ্রীয় কমিটি সিনিয়র সহ-সভাপতি হুমায়ন কবির শাওন, জাতীয় মৎস্যজীবী পার্টি কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল বাকী, মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খিলাফত আলী, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি সভাপতি আরিফ বিল্লাহ, মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, গাংনী পৌরসভা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল্লাহ, গাংনী পৌরসভা জাতীয় পার্টি সদস্য সচিব সাইফুল ইসলাম সহ বিভিন্ন নেতাকর্ম উপস্থিত ছিলেন।

জাপার চেয়ারম্যান’র বিরুদ্ধে

মামলা প্রত্যাহারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। সকালে জেলা জাতীয় পার্টির আয়োজনে এ বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি পালিত হয়।

ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে ঘন্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মানববন্ধনে জেলা জাতীয় পার্টির সভাপতি রাশেদ মাজমাদার, সাধারণ সম্পাদক এমদাদুল হক বাচ্চু, সহ-সভাপতি আব্দুল মালেক, যুগ্ম-সাধারণ সম্পাদক ফিরোজ কবির, জাপা নেত্রী মনিকা আলম, জাপা নেতা আজিজুর রহমান অটোসহ বিভিন্ন নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক, মিথ্যা ও ভিত্তিহীন মামলা করা হয়েছে। মামলা প্রত্যাহার করা না হলে পরবর্তীতে কঠোর কর্মসূচির হুশিয়ারি দেন তারা।

জিএম কাদেরের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবীতে জাপা’র মানববন্ধন

গাংনীতে জাতীয় পার্টির চেয়ারম্যান (এরশাদ) চেয়ারম্যান জি এম কাদেরের বিরুদ্ধে সকল মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২২ নভেম্বর) বিকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী

বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়াজেন করে গাংনী উপজেলা জাতীয় পার্টি (এরশাদ)।

মানববন্ধনে নেতৃত্ব দেন উপজেলা জাতীয় পার্টির সভাপতি বাবলুর রহমান ও অন্যতম নেতা কিতাব আলী বিএসসি।এসময় পার্টির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সমাবেশ ও মানববন্ধন

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে সমাবেশ ও মানববন্ধনের আয়োজন করা হয়। মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে সমাবেশ ও মানববন্ধনের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এস এম মোর্তুজা আলম (বুলবুল)।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টি সভাপতি আনছারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, জাতীয় সংস্কৃতিক পার্টি মেহেরপুর শাখার আহ্বায়ক মোঃ ইনছান আলী, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি আহম্মেদ সহ বিভিন্ন নেতাকর্মী সমাবেশ ও মানববন্ধনে উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়। শনিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদীর সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য ও জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি এডভোকেট সোহরাব হোসেন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সিনিয়র সহ-সভাপতি মোঃ শাহাবুদ্দিন বিশ্বাস খোকন, জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি মোঃ জাহিদ হোসেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

গাংনীতে জাতীয় পার্টির উপজেলা দিবস পালিত

মেহেরপুর গাংনীতে উপজেলা দিবস পালন উপলক্ষে জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার দুপুরে গাংনী উপজেলা জাতীয় পার্টির অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার জাতীয় পার্টির সভপতি বাবলু হোসেনের সভাপতিত্বে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি কেতাব আলী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা জাতীয় পার্টির দপ্তর সম্পাদক সেলিম রেজা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজলা জাতীয় পার্টির যুগ্ম-সাধারণ সম্পাদক এজাজ উদ্দীন,সাংগঠনিক সম্পাদক রুহুল আমিন,মটমুড়া ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি আব্দুর সালাম,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন,কাজিপুর ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি এমদাদ আলী,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন প্রমূখ।

এসময় বিভিন্ন গ্রাম থেকে আগত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি প্রয়াত হুসেইন মুহম্মদ এরশাদ ১৯৮৪ সালের ২৩ অক্টোবর মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উপজেলা দিবস পালন

রবিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাস স্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলীর সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদী, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আনছারুল ইসলাম, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি হোসেন, এই অনুষ্ঠান সার্বিক পরিচালনা করেন সদর উপজেলা জাতীয় পার্টি

সাংগঠনিক সম্পাদক মোঃ খায়রুল বাসার মিঠু প্রমুখ।

এ সময় মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদী বলেন বাংলাদেশের ৪৬০টি উপজেলা ব্যবস্থার প্রবর্তক সাবেক প্রেসিডেন্ট হুসেইন মোহাম্মদ এরশাদ যারা মাধ্যমে সেবা পাচ্ছে বর্তমান জনগন।

মেহেরপুর জেলা জাতীয় ছাত্র সমাজের কর্মী সভা

সোমবার সকালে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাস স্ট্যান্ডে এই কর্মী সভার আয়োজন করা হয়।

সাবেক ছাত্রনেতা মোঃ রনি হোসেনের সভাপতিত্বে এবং পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় নির্বাহী কমিটির যুগ্ন ছাত্র বিষয়ক সম্পাদক ফয়সাল দিদার দিপু।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মোঃ আল মামুন, বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, গাংনী উপজেলা জাতীয় পার্টি সভাপতি মোঃ বাবুল হোসেন, পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, গাংনী উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক জান মোহাম্মদ মিন্টু, গাংনী উপজেলা জাতীয় পার্টি সিনিয়র সহ-সভাপতি মোঃ কেতাব আলী মাস্টার, জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সমাজ কল্যাণ সম্পাদক জাকির হুসাইন বাবু, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলী, জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য নেহাল হোসেন নিলয়, জাতীয় ছাত্র সমাজ রংপুর জেলা শাখার যুগ্ম আহবায়ক ছামিউল ইসলাম শুভ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয়ে মেহেরপুর জেলা

জাতীয় ছাত্র সমাজের কমিটি গঠন করা হয়।

এ সময় আহ্বায়ক হিসেবে মনোনীত হলেন মোঃ রনি হোসেন, যুগ্ন আহবায়ক হিসেবে মনোনীত করা মোঃ মাহফুজুর রহমান, মোঃ উজ্জল, আতিয়ার রহমান এবং আব্দুল্লাহ আল ফাহিমকে সদস্য সচিব হিসাবে মনোনীত করা হয়।

মেহেরপুরের সাবেক উপজেলা চেয়ারম্যান পালু আর নেই

মেহেরপুর সদর উপজেলার প্রথম চেয়ারম্যান ও জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি খন্দকার আমিরুল ইসলাম পালু (৭৯) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বুধবার ভোর ৫টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

তিনি ডায়োবেটিস, কিডনিসহ ক্রনিক সিওপিডিতে ভুগছিলেন। শহরের তাঁতীপাড়ার নিজ বাসভবনে অসুস্থ অবস্থায় দিন যাপন করছিলেন। কয়েকদিন আগে বেশি অসুস্থ হয়ে পড়লে ঢাকার বারডেম হাসপাতালে ভর্তি করা হয়েছিলো।

খন্দকার আমিরুল ইসলাম পালু মেহেরপুর পৌরসভার ২ বার কমিশনার নির্বাচিত হয়েছিলেন। পরে তিনি পৌরসভার চেয়ারম্যানও নির্বাচিত হন। ১৯৮৫ থেকে ১৯৯০ পর্যন্ত তিনি সদর উপজেলার চেয়ারম্যান ছিলেন।

খন্দকার আমিরুল ইসলাম পালুর ভাতিজা রাজন খন্দকার জানান, আজ বুধবার বাদ আসর জানাযা শেষে শেখপাড়া পৌর কবরস্থানে দাফন করা হবে।

মেহেরপুরে জেলা জাতীয় পার্টির বিক্ষোভ সমাবেশ ও মিছিল

ডিজেল,পেট্রোল, অকটেনসহ সকল জ্বালানি তেল ও দ্রব্যমূলের উর্ধ্বগতির প্রতিবাদে মেহেরপুর জেলা জাতীয় পার্টির বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বিকেল ৫ টার দিকে কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় চত্বরে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সচিব সুমন পারভেজের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, পৌর জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল মান্নান। এছাড়াও কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি মিঠু হাসান, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক রাইহান বিশ্বাস প্রমুখ বক্তব্য রাখেন। এসময় জেলা জাতীয় পার্টির অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল জেলা জাতীয় পার্টির কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।